“কৃষিই সমৃদ্ধি”

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

উপপরিচালক (বীজ বিপণন) এর কার্যালয়
কদমতলী,সিলেট ।
ddsmbadcsylhet@gmail.com

## আলু বীজ বিপণনের বিজ্ঞপ্তি

১। ২০২০-২০২১ মৌসুমে সিলেট অঞ্চলে বিপণনের জন্য ডায়মন্ট-১৬০.৪৬৪ মে.টন,কার্ডিনাল-১০.০০০ মে.টন, এস্টারিক্স-১০.০০০মে.টনসহ মোটঃ ১৮০.৪৬৪মে.টন বীজআলুর বরাদ্দ পাওয়া গেছে। বিএডিসি'র নিবন্ধিকৃত আগ্রহী বীজ ডিলার এবং সাধারণ চাষিদের নিকট অগ্রিম ক্রয়ের দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ।

২। বীজ ডিলার'গণ কমপক্ষে ৫.০০০ (পাঁচ ) মে.টন বীজআলুর জন্য আবেদন করতে পারবেন । আবেদনের সাথে বীজআলুর মূল্য বাবদ “বীজ আলু ও আলু বীজ প্রাপ্তি হিসাব নং-০৩০০০০২৭” সোনালী ব্যাংক লিঃ, টিলাগড় শাখা,সিলেট শিরোনামে কমপক্ষে ২,১০,০০০/-টাকার ব্যাংক পে-অর্ডার/ডিডি মাধ্যমে জমা দিবেন। আবেদন পত্রের সাথে হালনাগাদ নবায়ন করা লাইসেন্সের ফটোকপি জমা দিতে হবে।

৩। চাষি/প্রতিষ্ঠান ন্যূনতম ৪৮০ (চারশত আশি) কেজি বীজ আলুর জন্য আবেদন করতে পারবেন । আবেদনের সাথে বীজআলুর মূল্য বাবদ “বীজ আলু ও আলু বীজ প্রাপ্তি হিসাব নং-০৩০০০০২৭”সোনালী ব্যাংক লিঃ, টিলাগড় শাখা,সিলেট শিরোনামে কমপক্ষে ২২,০৮০/- টাকার ব্যাংক পে-অর্ডার/ডিডি জমা দিবেন । এছাড়া তিনি যে প্রকৃত আলু চাষী এ ব্যাপারে সংশ্লিষ্ট উপজেলা কৃষি কর্মকর্তার প্রত্যয়নপত্র সংযুক্ত করবেন। অন্যথায় তার আবেদন বিবেচনা করা হবে না।

৪। ০৪-১১-২০২০খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর দপ্তর,বিএডিসি,কদমতলী,সিলেটে আবেদন গ্রহণ করা হবে ।

৫। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদন গ্রহণ করা হবে না ।

৬। ০৫-১১-২০২০ খ্রিঃ তারিখ আবেদনপত্র বাছাই হবে । অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে ।

৭। ০৫-১১-২০২০ খ্রিঃ তারিখে **“আগে আসলে আগে পাবেন”** ভিত্তিতে বীজ ডিলারকে বীজ আলুর বরাদ্দ দেয়া হবে এবং বরাদ্দ প্রাপ্ত বীজ ডিলারের তালিকা প্রকাশ করা হবে ।

৮। যিনি বরাদ্দ পাবেন না তার পে-অর্ডার/ডিডি আবেদনের প্রেক্ষিতে ফেরৎ দেয়া হবে ।

৯। শ্রীমঙ্গল এবং পাকুন্দিয়া,কিশোরগঞ্জ হিমাগার থেকে বীজ আলু সরবরাহ নিতে হবে ।

১০। ডায়মন্ট, কার্ডিনাল ও এস্টারিক্স জাতের বীজ আলু বরাদ্দ দেয়া হবে । জাতের ব্যাপারে কোন প্রকার আপত্তি করা যাবে না ।

১১। নির্ধারিত তারিখের মধ্যে বরাদ্দ প্রাপ্ত বীজের মূল্য ডিলার/চাষী কর্তৃক পরিশোধে ব্যর্থ হলে তাঁদের বরাদ্দ বাতিল পূর্বক “ আগে আসলে আগে পাবেন ” ভিত্তিতে আগ্রহী ডিলার/চাষীকে বরাদ্দ দিয়ে বীজ বিক্রি নিশ্চিত করা হবে ।

১২। নির্ধারিত তারিখে বীজ ডিলার /চাষী ক্রয়কৃত বীজ আলু নিতে বা উত্তোলনে ব্যর্থ হলে ২৪ ঘন্টার পূর্বে অফিস চলাকালীন সময়ে সংশ্লিষ্ট দপ্তরে উপস্থিত হয়ে ব্যর্থতার জন্য লিখিতভাবে সুস্পষ্ট কারণ দর্শিয়ে বীজ প্রাপ্তির জন্য মজুদ সাপেক্ষে পুনরায় সরবরাহের তারিখ সংগ্রহ করতে হবে। এক্ষেত্রে পূর্বের জাত ও গ্রেডের নিশ্চয়তা প্রদান করা যাবেনা।

১৩। পুনঃ নির্ধারিত তারিখে পুনরায় বীজ ডিলার/চাষী বীজ উত্তোলনে সংগ্রহে ব্যর্থ হলে অগ্রিম বুকিংকৃত বীজের মূল্য বাবদ সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে । এ ব্যাপারে কোন প্রকার ওজর আপত্তি গ্রহণ যোগ্য হবে না এবং বীজ উত্তোলনের ব্যর্থতা বীজ ডিলারের অযোগ্যতা হিসাবে বিবেচনায় এনে তার বীজ ডিলার লাইসেন্স বাতিল করা হবে ।

১৪। বীজ ডিলার / ক্রেতাকে বীজ সরবরাহ প্রাপ্তির সঙ্গে সঙ্গে নিজ খরচে তাদের বীজ নিয়ে হিমাগার প্রাঙ্গন ত্যাগ করতে হবে । হিমাগার প্রাঙ্গনে বীজ বিক্রয় সম্পূর্ন নিষিদ্ধ এবং কোন ব্যতিক্রম হলে সংশ্লিষ্ট ডিলার/ক্রেতার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে । বীজ সরবরাহ নেয়ার পূর্বে যে কোন এক বা একাধিক বস্তার মূখ খুলে বীজের গুণাগুণ সম্পর্কে ক্রেতাগণ নিশ্চিত হবেন । বীজ সরবরাহ নেয়ার পর বীজ সম্পর্কে কোন অভিযোগ বা আপত্তি গ্রহণ যোগ্য বলে বিবেচিত হবে না ।

১৫। **বিএডিসি'র হিমাগার হতে বীজ উত্তোলন করে আনার পর বীজ ডিলারগণ নিজ উদ্যোগে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা কৃষি কর্মকর্তাকে ৭২ ঘন্টার মধ্যে বীজের Arrrival report প্রদান পূর্বক বীজ বিক্রয় শুরু করবেন এবং মৌসুমের মধ্যেই সমুদয় বীজ বিক্রির ব্যবস্থা নিবেন ।**

চলমান-পৃষ্ঠা-২

১৬। বীজ ডিলার নিয়োগের চুক্তিপত্রে উল্লেখিত শর্তানুযায়ী ডিলার'গণ বীজ বিক্রি নিশ্চিত করবেন ।

১৭। মহা ব্যবস্থাপক(বীজ) এর স্বাক্ষরিত বিগত ২৬ মে ২০১৬ তারিখে জারীকৃত ১২.২৭৫.০৩৫.০৭.০৪.০২৯.২০১৫-১৪২৩ নং স্মারকের নির্দেশ মোতাবেক **আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর সংশ্লিষ্ট ধারা ৫৩ই(২) (অর্থ আইন,২০১৪ দ্বারা সংশোধিত) মোতাবেক নির্ধারিত খুচরা মূল্য এবং ডিলার পর্যায়ে বিক্রয় মূল্যের পার্থক্যের উপর ৩% হারে** উৎসে আয়কর কর্তন করতে হবে ।

**২০২০-২০২১ সালে বীজআলুর বিক্রয়মূল্য প্রতি কেজি নিম্নোক্তভাবে নির্ধারণ করা হয়েছে ।**

১৮। <u>প্রত্যায়িত/মানঘোষিত বীজ আলুর বিক্রয় মূল্য নিম্নরূপঃ</u>

| ক্রঃ নং | বীজের শ্রেনী | জাত | শ্রেণি, জাত ও গ্রেড ভিত্তিক বিক্রয় মূল্য (কেজি/টাকা) | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | চাষি পর্যায়ে বিক্রয় মূল্য | | ডিলার পর্যায়ে বিক্রয় মূল্য | |
| | | | গ্রেড-এ (২৫-৪০ মিঃমিঃ) | গ্রেড-বি (৪১-৫৫ মিঃমিঃ) | গ্রেড-এ (২৫-৪০ মিঃমিঃ) | গ্রেড-বি (৪১-৫৫ মিঃমিঃ) |
| ১ | প্রত্যায়িত/মানঘোষিত শ্রেণির বীজআলু | এস্টারিক্স | ৪৮.০০ | ৪৭.০০ | ৪৪.০০ | ৪৩.০০ |
| | | কার্ডিনাল/ডায়মন্ট | ৪৭.০০ | ৪৬.০০ | ৪৩.০০ | ৪২.০০ |

**(সুপ্রিয় পাল)**
**(পরিচিতি নম্বরঃ০২০১৯৮)**
**উপপরিচালক (বীজ বিপণন)**
**বিএডিসি,সিলেট ।**
**ফোনঃ ৮৪০৭৭০**

স্মারক নং-২৮৪(৫৭৫) তারিখঃ ২৭ অক্টোবর ২০২০ ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। জনাব ..........................................................................বীজ ডিলার,গ্রাম-............................
ডাকঘর-.............................................উপজেলা-..............................জেলা-........................।
২। গুদাম রক্ষক,আঞ্চলিক বীজ গুদাম,বিএডিসি,দেবপুর,সিলেট/কুলাউড়া ।
৩। আঞ্চলিক বেতার কৃষি অফিসার,সিলেট ।
৪। সিনিয়র সহকারী পরিচালক (বীজ বিপণন),বিএডিসি,হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার ।
৫। উপজেলা কৃষি কর্মকর্তা ,.........................................(সকল),সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার জেলা ।
৬। উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা (সরেজমিন গবেষণা বিভাগ),বিএআরআই,সিলেট ।
৭। উপপরিচালক (টিসি),বিএডিসি হিমাগার,শ্রীমঙ্গল/কিশোরগঞ্জ ।
৮। উপপরিচালক, বিআরডিবি,সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার ।
৯। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ,সিলেট/ হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার ।
১০। যুগ্ম-পরিচালক (বীজ বিপণন),বিএডিসি,সিলেট ।
১১। অতিরিক্ত পরিচালক,কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,সিলেট অঞ্চল,সিলেট ।
১২। অতিরিক্ত মহা-ব্যবস্থাপক (বীজ বিতরণ),বিএডিসি,ঢাকা ।

উপপরিচালক(বীজ বিপণন),
বিএডিসি,সিলেট ।

স্মারক নং-২৮৪/৫৭৫(৪৪) তারিখঃ ২৭ অক্টোবর ২০২০ ।

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো ।

১। জেলা প্রশাসক,সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার ।
২। উপজেলা নির্বাহী অফিসার ,................................(সকল),সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ /মৌলভীবাজার জেলা ।
৩। অফিস কপি ।

উপপরিচালক(বীজ বিপণন),
বিএডিসি,সিলেট ।